যুগান্তর

তারিখ ... 27 APR 2017
পৃষ্ঠা ৭ ... কলাম ... ৬ ...

# পরীক্ষা কেন্দ্রে অনিয়মের প্রতিবাদে কালিয়াকৈরে সড়ক অবরোধ

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা জাতির পিতা বঙ্গবন্ধু সরকারি কলেজে এইচএসসি পরীক্ষা কেন্দ্রে নানা অনিয়ম ও অব্যবস্থাপনাসহ বিভিন্ন অভিযোগ উঠেছে। ওইসব অনিয়মের প্রতিবাদে স্থানীয় ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি কলেজের শিক্ষার্থীরা বিক্ষোভে ফেটে পড়ে। বুধবার দুপুরে ঢাকা-টাঙ্গাইল সড়কে এইচএসসি পরীক্ষা কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের বিমাতা সুলভ আচরণের প্রতিবাদে শিক্ষার্থীরা বিক্ষোভ ও সড়ক অবরোধ করে। এ সময় প্রায় দুই ঘণ্টা সড়ক অবরোধের ফলে তীব্র যানজটের সৃষ্টি হয়। বিক্ষিপ্ত শিক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে পরবর্তী পরীক্ষা না দেয়া ও পরীক্ষা কেন্দ্র বাতিলের দাবিতে ওই কর্মসূচি পালন করে।

ভাষা শহীদ আবদুল জব্বার আনসার ভিডিপি কলেজের অধ্যক্ষ আমিনুল ইসলাম বলেন, আমার কলেজের শিক্ষার্থীদের সঙ্গে প্রতিহিংসা পরায়ণ আচরণ করেন ওই কলেজের শিক্ষকরা। তাদের মানসিকভাবে দুর্বল করে কিভাবে জিপিএ-৫ পায় তা দেখে নেয়ার হুমকি দেয়। তারা প্রতি পরীক্ষায় মারমুখী ভূমিকা পালন করে আসছে। তারা ইন্ধন দিয়ে বহিরাগতদের দিয়ে আমাকে নাজেহাল করলে শিক্ষার্থীরা বিক্ষোভে ফেটে পড়ে। পরে তারা সড়ক অবরোধ ও বিক্ষোভ করে প্রতিবাদ জানায়। পরে তাদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দেয়া হয়। জাতির পিতা বঙ্গবন্ধু সরকারি কলেজের অধ্যক্ষ এসএম মোবারক হোসেন বলেন, ওই কলেজের শিক্ষার্থীরা পরীক্ষার সময় অনৈতিক সুবিধা দাবি করে। তাদের ওই সুবিধা না দেয়াতে তারা বিশৃঙ্খলা সৃষ্টি করে। কালিয়াকৈর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সানোয়ার হোসেন বলেন, ওই কেন্দ্রে পরবর্তী পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। পরীক্ষা কেন্দ্রে কোনো অনিয়ম হলে তা খতিয়ে দেখা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর